# পুলিশের সাফল্য

## ব্রাউন সুগার সহ ধৃত মালদার তরুণ

ভাস্কর শর্মা

**ফালাকাটা, ৭ সেপ্টেম্বর :** ফালাকাটায় ফের ব্রাউন সুগার সহ গ্রেপ্তার হলেন এক তরুণ। ধৃতের নাম সামশের মিয়াঁ। বাড়ি মালদার কালিয়াচকে। শনিবার রাতে ফালাকাটা স্টেশনবাজার এলাকা থেকে ওই তরুণকে গ্রেপ্তার করে পুলিশ। ক'দিন আগেও মালদারই এক তরুণকে কয়েক গ্রাম ব্রাউন সুগার সহ গ্রেপ্তার করেছিল পুলিশ। পুলিশের দাবি, ওই তরুণ ফালাকাটায় ব্রাউন সুগার হাতবদল করতে এসেছিল। পুজোর মুখে বারবার ব্রাউন সুগার উদ্ধার ও অন্য জেলার তরুণরা গ্রেপ্তার হওয়ায় উদ্বিগ্ন শহরের নাগরিকরা।

রবিবার ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য বলেন, 'গোপন সূত্রে খবর পেয়ে আমরা এক তরুণকে ধরে তল্লাশি করি। তার কাছ থেকে ২০৩ গ্রাম ব্রাউন সুগার বাজেয়াপ্ত হয়েছে। এদিন তাকে আদালতে তোলা হয়।'

পুলিশ সূত্রে জানানো হয়েছে, তাদের কাছে গোপন খবর ছিল, এক তরুণ ফালাকাটায় ব্রাউন সুগার হাতবদল করতে পারেন। সেভাবেই সাদা পোশাকের পুলিশ ওঁত পেতে বসে ছিল। শনিবার ফালাকাটা স্টেশনবাজার এলাকায় এক সন্দেহভাজন তরুণকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়। তল্লাশি চালাতেই ব্রাউন সুগারের প্যাকেট বের হয়। পরে ঘটনাস্থলেই যাবতীয় আইনি প্রক্রিয়া শেষ করে থানায় নিয়ে আসা হয়।



ফালাকাটার স্টেশনবাজার এলাকায় ধৃত তরুণ।



জয়গাঁয় মাদক সহ ধৃত তরুণ।

## সিডেটিভ ড্রাগস সহ গ্রেপ্তার ২

**জয়গাঁ, ৭ সেপ্টেম্বর :** শনিবার দুই বন্ধু রাত বাড়তেই বেরিয়েছিলেন খদ্দেরদের হাতে 'মাল ডেলিভারি' করতে। কিন্তু 'মাল ডেলিভারি' আর করা হয়নি তাঁদের। কারণ তার আগেই সিডেটিভ ড্রাগস সহ জয়গাঁ থানার পুলিশের জালে ধরা পড়লেন ছোট মেচিয়াবস্তির দুই তরুণ। এই দুই তরুণের কাছ থেকে বাজেয়াপ্ত হয়েছে ১৫০টি সিডেটিভ ড্রাগস। ধৃতদের রবিবার আলিপুরদুয়ার আদালতে পাঠানো হয়। আদালত ধৃতদের সাতদিনের রিমান্ডের নির্দেশ দিয়েছে।

এবিষয়ে জয়গাঁ থানার আইসি পালজার ভুটিয়া বলেন, 'নেশামুক্ত জয়গাঁ আমাদের লক্ষ্য। তার জন্য যেখান থেকে নেশা জাতীয় দ্রব্য কারবারের কথা আসছে আমরা সেখানেই অভিযানে নামছি। নেশার কারবার বরদাস্ত করা হবে না।'

পুলিশ জানিয়েছে, ধৃতদের নাম বিজয় সূত্রধর এবং ছিরিং লামা। জয়গাঁ ছোট মেচিয়াবস্তি এলাকায় গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালায় জয়গাঁ থানার পুলিশ। স্থানীয়রা এই দুই বন্ধুর নেশার কারবারের কথা পুলিশের কাছে জানিয়েছেন। রাত হলেই ছোট মেচিয়াবস্তির গলিতে গলিতে চলত দেদার নেশার কারবার বলে অভিযোগ। ধৃত বিজয় ও ছিরিংয়ের বাড়ির সামনে বহিরাগত ছেলেদের আড্ডা বসত রাত বাড়লেই বলে অভিযোগ জানিয়েছিলেন স্থানীয়রা। এই ঘটনার প্রতিবাদ জানাতে বহিরাগত তরুণদের আনাগোনা কমেছিল এলাকায়। কিন্তু নেশার কারবার কমেনি। এলাকার তরুণদের অন্ধকার জগতে নিয়ে যাচ্ছিলেন বিজয় ও ছিরিং বলেও অভিযোগ। এলাকার বেশিরভাগ বাড়িতেই নেশাদ্রব্য সেবন নিয়ে বাড়ছিল অশান্তি। এরপর পুলিশে অভিযোগ জানান স্থানীয়রা।

**রাতে কারবার**

- জয়গাঁ ছোট মেচিয়াবস্তি এলাকায় অভিযান চালায় পুলিশ
- অভিযানে বিজয় সূত্রধর এবং ছিরিং লামা নামে দুই তরুণ গ্রেপ্তার হন
- রাত হলেই ছোট মেচিয়াবস্তির অলিগলিতে নেশার কারবার চলে বলে অভিযোগ স্থানীয়দের

### গ্রামে ঢুকে ফসল নষ্ট করছে হাতির পাল

# বিদ্যুতের ঝুলন্ত ফেন্সিং অকেজো

নৃসিংহপ্রসাদ গঙ্গোপাধ্যায়

**বারবিশা, ৭ সেপ্টেম্বর :** কুমারগ্রাম ব্লকের রাধানগর, বারবিশা, ডাঙ্গাপাড়া, আদিবাসী ফুলগ্রাম সহ জঙ্গল লাগোয়া জনপদগুলিতে হাতির হানা রুখতে ইলেক্ট্রিক হ্যাংগিং ফেন্সিং দেওয়া হয়েছিল। বছর ঘুরতে না ঘুরতেই বারবিশা বিটের জঙ্গল ঘেঁষে দেড় কিমি দীর্ঘ বিদ্যুতের তারের ঝুলন্ত বেড়া অকেজো হয়ে পড়েছে। ফলে অবাধে বুনো হাতির পাল ঢুকে পড়ছে গ্রামে। খেতের ফসল, ঘরবাড়ি, গাছ বাগান নষ্ট করে দিচ্ছে। শনিবার রাতেও পাঁচটি হাতি জঙ্গল থেকে বেরিয়ে বারবিশা ও ডাঙ্গাপাড়ায় তাণ্ডব চালায়, ধানখেত তছনছ করে। ঘটনার জেরে ছয়-সাতজন কৃষকের মাথায় হাত। দ্রুত ঝুলন্ত ফেন্সিং মেরামত সহ রাতে বনকর্মীদের নজরদারি বাড়ানোর দাবি জানিয়েছেন স্থানীয়রা।

রবিবার ভক্সা রেঞ্জের এক বনাধিকারিক বলেন, 'এদিন সকালে বারবিশা বিটের বনকর্মীরা ক্ষতিগ্রস্ত ধানখেত ঘুরে দেখেছেন। ক্ষতিগ্রস্ত কৃষকদের সঙ্গে কথা বলেছেন। সরকারিভাবে ক্ষতিপূরণ পেতে নির্দিষ্ট ফর্মে কৃষকদের আবেদনের পরামর্শও দেওয়া হয়েছে। বিকল ঝুলন্ত ফেন্সিং ঠিক করার পাশাপাশি রাতে বনকর্মীদের টহলদারিও বাড়ানো হবে।'

এদিকে হাতির হানায় ক্ষতিগ্রস্ত কৃষক তপন চৌধুরীর বক্তব্য, গ্রামে হাতির হানা নতুন নয়। দু-তিনটি তারের সমান্তরাল ফেন্সিং হটিয়ে ঝুলন্ত ফেন্সিং দেওয়ার পর হাতির হানা ঠেকানো গিয়েছিল। কিন্তু এই ঝুলন্ত ফেন্সিংয়ের রক্ষণাবেক্ষণ ঠিকমতো হচ্ছে না। যে কারণে সেটি কাজ করছে না। একপ্রকার বিনা বাধায় হাতি খাবারের লোভে গ্রামে তাণ্ডব চালাচ্ছে।

ঝুলন্ত ফেন্সিং রক্ষণাবেক্ষণে বন দপ্তরের গাফিলতির অভিযোগ তুলেছেন ক্ষতিগ্রস্ত আরেক কৃষক তপন দাসও। তাঁর সংযোজন, 'বিপদের সময় ফোনে যোগাযোগ করেও বনকর্মীদের দেখা পাওয়া যাচ্ছে না। হাতি প্রত্যেক বছর খেতের ফসল নষ্ট করছে। আবেদন জানিয়েও সঠিক ক্ষতিপূরণ পাচ্ছি না।' একইভাবে ক্ষোভের কথা উগরে দিয়েছেন বারবিশার ১০/৮৭ বুথের প্রদীপকুমার দাস, পল্টু দাস, মতি চৌধুরী, নয়ন দাস, বিমলচন্দ্র দাসের মতো অনেকেই।

আদিবাসী ফুলগ্রামের বাসিন্দা সঞ্জয় ভগত জানাচ্ছেন, ঝুলন্ত ফেন্সিং বিগত নয় মাসে তিনবার খারাপ হয়েছে। ঠিক করার পর ফের অকেজো হয়ে গিয়েছে। শেষবার নষ্ট হওয়ার পর প্রায় তিন মাস হতে চলল ঠিক করা হয়নি। বর্ষা শুরুর আগে ফেন্সিংয়ের নীচের ঝোপজঙ্গল পরিষ্কার করা হলে এমন পরিস্থিতি হত না, কারণ ঝুলন্ত ফেন্সিংয়ের তার আগাছার সংস্পর্শে এলে সেটি কাজ করে না বলে বক্তব্য তাঁর।

আরেক বাসিন্দা স্বপন ভগতের দাবি, চলতি বছরে হাতির হানায় ভুট্টাখেতের প্রচণ্ড ক্ষতি হয়েছে। সেই রেশ কাটতে না কাটতেই এবার ধানখেতের ক্ষতি করল হাতি।



বারবিশা ১০/৮৭ বুথে হাতির হানায় ক্ষতিগ্রস্ত ধানখেত।

**গাফিলতি**

- দু'-তিনটি তারের সমান্তরাল ফেন্সিং হটিয়ে ঝুলন্ত ফেন্সিং দেওয়ার পর হাতির হানা ঠেকানো গিয়েছিল
- ঝুলন্ত ফেন্সিংয়ের রক্ষণাবেক্ষণ ঠিকমতো হচ্ছে না, যে কারণে সেটি কাজ করছে না
- একপ্রকার বিনা বাধায় হাতি খাবারের লোভে গ্রামে তাণ্ডব চালাচ্ছে



বৃষ্টির মজা। আলিপুরদুয়ারের কলেজ হল্টে রবিবার। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী

# সাইবার ক্রাইম রুখতে প্রচার পুজো প্যান্ডেলে



শামুকতলা বজরং ভবনে পুজো কর্মকর্তাদের নিয়ে বৈঠক পুলিশের।

রাজু সাহা

**শামুকতলা, ৭ সেপ্টেম্বর :** লাগাতার সচেতনতামূলক কর্মসূচি চালানোর পরেও বেড়ে চলেছে সাইবার ক্রাইম। নানা কায়দায় নতুন কৌশলে গ্রামের সাধারণ মানুষকে বোকা বানিয়ে সাইবার ক্রাইম ঘটেই চলেছে। সাইবার ক্রাইম রুখতে এবার হাতিয়ার পুজো কমিটিগুলি। পুজো প্যান্ডেলে সাইবার ক্রাইমের বিরুদ্ধে প্রচার চালিয়ে মানুষকে সচেতন করার কর্মসূচি নিতে চলেছে শামুকতলা থানার পুলিশ।

দর্শনার্থীদের সচেতনতার উপর বিশেষ জোর দিচ্ছে পুলিশ প্রশাসন। রবিবার এ নিয়ে শামুকতলা বজরং ভবনে ওই থানা এলাকার ৭২টি পুজো কমিটির কর্মকর্তাদের নিয়ে বৈঠক করে পুলিশ। এছাড়া এদিন পুজো কমিটিগুলিকে সরকারি বিধিনিষেধ মেনে পুজো করার কড়া বার্তা দেওয়া হয়। কোনওভাবে পুজো কমিটিগুলির গাফিলতির ফলে শান্তিশৃঙ্খলা বিঘ্নিত হলে সরকারি অনুদান বন্ধ করে দেওয়া হবে বলেও বার্তা দেওয়া হয় পুলিশের পক্ষ থেকে। এছাড়া নারী পাচার, বাল্যবিবাহ রোধ এবং সেফ ড্রাইভ সেভ লাইফ নিয়েও সচেতন করার উপর গুরুত্ব দিচ্ছে শামুকতলা থানার পুলিশ। এছাড়া বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা গুলোকেও কাজে লাগাতে চাইছে পুলিশ।

শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে জানান, আলিপুরদুয়ার পুলিশ সুপার ওয়াই রঘুবংশীর নির্দেশে এবার পুজোয় এই সচেতনতামূলক কর্মসূচি নেওয়ায় জোর দিচ্ছে পুলিশ প্রশাসন। বিভিন্ন লিফলেট, ব্যানার ইত্যাদি সরবরাহ করা হবে। পুলিশ প্রশাসনের পক্ষ থেকে এই প্রচার অভিযান চলার পাশাপাশি পুজো প্যান্ডেলগুলিতে এই ধরনের প্রচার থাকলে সহজেই মানুষকে সচেতন করা যাবে।

শামুকতলা শক্তি সংঘ পুজো কমিটির সম্পাদক গোপাল বিশ্বাস বলেন, 'পুলিশের পক্ষ থেকে যে বার্তা দেওয়া হয়েছে তা অবশ্যই আমরা মেনে চলব।'

# তলব মিলতেই প্রাণ এল হাটে

জলপাইগুড়ি ব্যুরো

**৭ সেপ্টেম্বর :** বোনাস এখনও মেলেনি বটে, তবে বহু বাগানেই মাসের প্রথমে যে 'তলব' হওয়ার কথা, সেটা হয়ে গিয়েছে। খাইখরচের ওই টাকার ওপর ভরসা করেই পুজোর মাসের প্রথম রবিবারে ডুয়ার্সের হাট থেকে কেনাকাটা সারলেন শ্রমিকরা। একাধিক স্থানে এদিন বৃষ্টি মাথায় করেই হাটে আসেন ক্রেতারা। এবারে অপেক্ষা পরম আকাঙ্ক্ষিত বোনাসের। সরকারি নির্দেশিকা মোতাবেক যা ১৫ সেপ্টেম্বরের মধ্যে দিয়ে দেওয়ার কথা। সেই হিসেবে আগামী ১৪ তারিখের রবিবাসরীয় হাট আরও জমে উঠবে বলেই মনে করছেন ব্যবসায়ীরা। মালবাজার হাট ব্যবসায়ী সমিতির সম্পাদক কমল দত্তর সরেস প্রতিক্রিয়া, 'বলতে পারেন এদিন ছিল ৫০ ওভারের ওয়ান ডে। বোনাস হলে টি টুয়েন্টির মারকাটারি ইনিংস শুরু হবে।' শ্রমিকদের মতো ব্যবসায়ীরাও চাইছেন বাগানগুলি দ্রুত ওই টাকা দিয়ে দিক।

রাজ্যের অ্যাডভাইজারির পর এখনও পর্যন্ত ডুয়ার্সের জুরন্তি, মেচপাড়া, মাঝেরডাবরির মতো তিনটি চা বাগানে বোনাস হয়েছে বলে জানা যাচ্ছে। তবে বহু বাগানে ৭ তারিখ সাপ্তাহিক কিংবা পাক্ষিক মজুরি দেওয়ার চল আছে। সেই দিনটি এবার রবিবার পড়ে যাওয়ায় তা দস্তুর অনুযায়ী শুক্র কিংবা শনিবার দেওয়া হয়েছে। সেটাই ছিল দিন-আনি-দিন-খাই গোছের চা শ্রমিকদের পুজোর বিকিকিনির যখের ধন।

পশ্চিম ডুয়ার্সের সবচেয়ে বড় হাট ওদলাবাড়ির কথাই ধরা যাক। খদ্দেরদের গন্তব্য ছিল জামাকাপড়ের দোকান। পাথরঝোরা চা বাগানের সোমারি ওরাওঁ নামে এক পঞ্চাশোর্ধ্ব মহিলা শ্রমিক বলেন, 'নাতির জন্য একটি বাবা সুট কিনলাম। বোনাস হলে বাড়ির অন্যদেরটা কিনব।' ওই হাটে রেডিমেড পোশাক বিক্রি করেন আশরাফুল ইসলাম নামে এক ব্যবসায়ী। তিনি বলেন, 'সকাল থেকে দোকান সাজিয়ে বসেছিলাম। কিছু বেচাকেনা হলেও আসল বাজার বোনাস না হলে জমবে না।' হাটের জামাকাপড়ের আরেক দোকানি নীরজ রায়ের আশা, আগামী রবিবার থেকে বাজারে তেজি ভাব আসবে। স্বপন মালাকার নামে এক জুতোর ব্যবসায়ী বলেন, 'প্রথম রবিবার একরকম গেল। দ্বিতীয় রবিবারই আমাদের সবার পাখির চোখ।'

রবিবার মেটেলির সাপ্তাহিক হাটে বিঘ্ন ঘটায় বৃষ্টি। সুদীপ দাস নামে এক কাপড়ের ব্যবসায়ী পুজোর জন্য বেশি পণ্য তুলেছেন। বোনাসের পর বিক্রি বাড়ার আশায় রয়েছেন। একইরকম ছবি ছিল চালসা ও মঙ্গলবাড়ির হাটেরও। নাগরাকাটায় এদিন হাট বসেছিল লুকসান ও চম্পাগুড়িতে। লুকসানে সপরিবার কেনাকাটি করতে এসেছিলেন চ্যাংমারি চা বাগানের মানা লাইনের শুক্রা সাঁওতাল। ওই শ্রমিক বলেন, 'শুনেছি দু'একদিনের মধ্যেই আমাদের বোনাস হয়ে যাবে। তার আগে তলবের টাকা দিয়েই বাড়ির ছোটদের জন্য অল্পকিছু রেডিমেড পোশাক কিনলাম।' এদিন বানারহাট ও চামুর্চি চেকপোস্টের সাপ্তাহিক হাটে ভিড় ছিল অন্য রবিবারের মতোই। ব্যবসা জমে ওঠা বলতে যা বোঝায় তা না হলেও পুজোর গন্ধ কিন্তু ছিল যথেষ্ট। বানারহাট ক্ষুদ্র ব্যবসায়ী সমিতির সহ সভাপতি তথা কাপড় ব্যাবসায়ী শান্তি দত্ত জানালেন, যা বিক্রিবাটা হয়েছে তা মূল ক্রেতা চা শ্রমিকদের মজুরির ওপর ভরসা করে। অনেকে এদিনই নতুন জামাকাপড় কিনতে না পারলেও নেড়েচেড়ে পছন্দ করে গিয়েছেন।

হাট ব্যবসায়ীরা জানাচ্ছেন, এবছর কমবয়সি ছেলেমেয়েদের ঝোঁক ঢিলেঢালা জিনস প্যান্টে। হাটের নিজস্ব ভাষায় যা 'ঢাপলুং'। চম্পাগুড়ি হাটের এক রেডিমেড জামাকাপড়ের ব্যবসায়ী প্রকাশ প্রসাদের কথায়, 'গত বছর ছিল চাপা জিনসের ট্রেন্ড। এবার উলটোটা।'



রবিবার লুকসান হাটে ক্রেতাদের ডেস্টিনেশন ছিল পোশাকের দোকানই।

## ২০ দিনেই রূপ পাবে শক্তি সংঘের প্রতিমা

রাজু সাহা

**শামুকতলা, ৭ সেপ্টেম্বর :** বেশিরভাগ পুজো কমিটির প্রতিমা তৈরির কাজ অনেক আগে শুরু হয়ে গিয়েছে। দিনরাত এক করে কাজ চালাচ্ছেন মৃৎশিল্পীরা।তবে কলকাতা থেকে ভাস্কররা আসতে দেরি করায় শামুকতলা শক্তি সংঘ ক্লাবের দুর্গা প্রতিমার কাজ শুরু করা যায়নি এতদিন।

হাতে এখনও তিন সপ্তাহের বেশি সময় রয়েছে। এই পরিস্থিতিতে কাঠামোপুজোর মধ্যে দিয়ে শামুকতলা শক্তি সংঘ ক্লাবের দুর্গা প্রতিমা তৈরির কাজ শুরু হল রবিবার।

কলকাতা এবং শামুকতলার শিল্পীরা একসঙ্গে প্রতিমা তৈরি করবেন। সোমবার থেকে জোরকদমে কাজ শুরু হবে।

রবিবার রীতি মেনে, ঢাকের বোল আর মন্ত্রোচ্চারণের মধ্যে দিয়ে ক্লাবের কাঠামোপুজো করা হয়।

প্রতিমাশিল্পী বাবুয়া দাস বলেন, 'এবছর প্রায় ৩৫টি দুর্গা প্রতিমা তৈরি করছি আমরা। তার মধ্যে ৩৩টি প্রতিমা নির্মাণের কাজ শেষের দিকে। দুটি প্রতিমার কাজ সোমবার থেকে শুরু করা হবে। এখানকার শিল্পীদের পাশাপাশি কলকাতার শিল্পীরাও কাজ করবেন। দুই শিল্পী ইতিমধ্যে আলিপুরদুয়ারে এসে পৌঁছেছেন। আগামীকাল থেকে তাঁরা কাজ শুরু করবেন।'

ক্লাবের সম্পাদক গোপাল বিশ্বাস বলেন, 'কাঠামোপুজো করে দুর্গা প্রতিমা তৈরির কাজ শুরু হল। পুজোর ক'দিন বাল্যবিবাহবিরোধী, সেফ ড্রাইভ সেভ লাইফ, সাইবার ক্রাইম এবং ড্রাগসবিরোধী প্রচার চালানো হবে।'

# ভোজনপুর গিলছে তোর্ষা

গৌরহরি দাস

**কোচবিহার, ৭ সেপ্টেম্বর :** ভাগ্যিস তিন-চারদিন আগে খুঁটি থেকে তার খুলে নিয়েছিল বিদ্যুৎ দপ্তর। বলছেন ডাউয়াগুড়ি গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ আমবাড়ি ভোজনপুর গ্রামের বাসিন্দারা। কারণ, রবিবার বিদ্যুতের সেই খুঁটিটি তোর্ষার গর্ভে তলিয়ে গিয়েছে। সেই এলাকায় তোর্ষার করাল গ্রাসে শয়ে শয়ে বিঘা জমিজিরেত বিলীন হয়ে যাচ্ছে। জমিজিরেত হারিয়ে অনেকেই সর্বস্বান্ত হওয়ার মুখে। পরিস্থিতি ভয়াবহ।

নদীর গতিপথ পরিবর্তন হয়ে যাওয়ার কারণেই এমনটা হচ্ছে বলে জানিয়েছে সেচ দপ্তর। এদিকে, প্রতিদিন এলাকার বিভিন্ন জমি যেভাবে তোর্ষার গর্ভে তলিয়ে যাচ্ছে, তাতে ঘুম উড়েছে এলাকার বাসিন্দাদের। ভাঙনের ভয়াবহতার খবর পেয়ে সেচ দপ্তরের তরফে এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার থেকে শুরু করে বিভিন্ন আধিকারিক ইতিমধ্যেই ঘটনাস্থলে পরিদর্শনে গিয়েছেন। রবিবার ঘটনাস্থলে যান নাটাবাড়ি বিধানসভা কেন্দ্রের প্রাক্তন বিধায়ক রবীন্দ্রনাথ ঘোষ, খোকন মিয়াঁ প্রমুখ। তাঁরা গিয়ে এলাকার বাসিন্দাদের সঙ্গে এই নিয়ে কথা বলেন।

সেচ দপ্তরের এক আধিকারিক জানিয়েছেন, দপ্তরের তরফে সেখানে ইতিমধ্যেই ভাঙন রোধের কাজ শুরু হয়েছে। এগজিকিউটিভ ইঞ্জিনিয়ারও ঘটনাস্থল পরিদর্শন করে এসেছেন। বর্ষার পরে নতুন করে ডিপিআর তৈরি করে রাজ্য সেচ দপ্তরের কাছে জমা দেওয়া হবে।

স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গিয়েছে, ভোজনপুর এলাকায় হাজারখানেক পরিবার বসবাস করে। এর মধ্যে শতাধিক পরিবার তোর্ষা নদীর ভাঙনের মুখে পড়েছে। পরিস্থিতি সামাল দিতে সেচ দপ্তর প্রাথমিকভাবে বাঁশের খাঁচা দিয়ে ভাঙন রোধ করার চেষ্টা করছে। যদিও তা খুব বেশি কাজে আসছে না। এলাকার বাসিন্দাদের অভিযোগ, গত কয়েক বছর ধরেই এলাকায় ভাঙন চলছে। এই অবস্থায় এলাকায় বাঁধ নির্মাণের জন্য জেলা প্রশাসন ও সেচ দপ্তরের কাছে স্থানীয়রা একাধিকবার দরবার করেছেন। সূত্রের খবর, ওখানে ১৪০০ মিটার বাঁধ তৈরি করার জন্য সেচ দপ্তরের তরফে একবার পরিকল্পনাও নেওয়া হয়েছিল। সেজন্য প্রায় সাড়ে তিন কোটি টাকা খরচ হবে বলে ধরা হয়েছিল। কিন্তু শেষপর্যন্ত যে কোনও কারণেই হোক, তা আর হয়নি। এলাকাবাসীর ক্ষোভ, প্রশাসন দীর্ঘদিন হাত গুটিয়ে বসে ছিল। তাই এবছর ভাঙন ভয়াবহ রূপ নিয়েছে।

## পরীক্ষার্থীকে নিয়ে বিভ্রাট

**আলিপুরদুয়ার, ৭ সেপ্টেম্বর :** রবিবার আলিপুরদুয়ার জেলার ১১টি পরীক্ষাকেন্দ্রে মোট ৪৮০৪ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষা দেন। এদিন শিলবাড়িহাট হাইস্কুল পরীক্ষাকেন্দ্রের এক পরীক্ষার্থী ভুল করে পরীক্ষা দিতে বিবেকানন্দ কলেজে চলে যান।

ট্রাফিক পুলিশের তৎপরতায় তাঁকে শিলবাড়িহাট হাইস্কুল পরীক্ষাকেন্দ্রে পাঠানো হয়। এই দিন বিবেকানন্দ কলেজে এক পরিদর্শক শিক্ষিকা পরীক্ষা শুরুর সময় হঠাৎ অজ্ঞান হয়ে পড়ে যান। তাঁকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ভর্তি করা হয়। এখন তিনি সুস্থ আছেন।

# দেবী আরাধনায় লাইট-সাউন্ড শো

এল এল পুজো এল

অভিজিৎ ঘোষ

**সোনাপুর, ৭ সেপ্টেম্বর :** গত বছর আদিযোগী থিমে মণ্ডপ করে দর্শনার্থীদের ভিড় টেনেছিল আলিপুরদুয়ার-১ ব্লকের মথুরা হাটখোলা সর্বজনীন দুর্গাপুজো কমিটি। থিমের বাইরে যে আলো ও ধ্বনির শো ছিল সেটাও প্রশংসা কুড়িয়েছিল। আলিপুরদুয়ার শহরের বড় ক্লাবগুলোর মতো আলো ও ধ্বনির শো চা বাগান অধ্যুষিত ওই এলাকায় আয়োজন করে প্রশংসা পেয়ে এবছরও একইভাবে মণ্ডপে আলো ও ধ্বনির শোতে চমক দেবে বলে দাবি মথুরা হাটখোলা সর্বজনীন দুর্গাপুজো কমিটির। এবছর কিছুটা পরিবর্তন করে শো রাখা হয়েছে মণ্ডপের ভিতরে।

এবিষয়ে পুজো কমিটির সম্পাদক মৃণাল দাসের বক্তব্য, 'শব্দ ও ধ্বনির শো সাধারণত শহরের পুজোমণ্ডপে দেখা যায়। গ্রামীণ এলাকায় খুব একটা দেখা যায় না। আমার প্রতিবারেই একটু অন্য ধরনের আয়োজন করার চেষ্টা করে আসছি।'

মথুরা হাটখোলা দুর্গা মন্দিরের পাশেই শুরু পুজোমণ্ডপ তৈরির কাজ। মণ্ডপের ভিতরের দিকে শব্দ ও ধ্বনির শো হলেও মণ্ডপের বাইরের দিক হচ্ছে থিমমণ্ডপ। কোচবিহারের শিল্পীরা মণ্ডপ তৈরির কাজ করছেন। দুর্গা প্রতিমার থিমের উপরই মূল মণ্ডপের কাজ হচ্ছে। বর্তমানে বাঁশের কাজ চলছে। এরপর কাপড় লাগানো হবে। থিমের মডেলগুলো তৈরি হবে প্লাই, থার্মোকল, ফোম দিয়ে। বেশ কয়েকটি মুখোশও থাকবে মণ্ডপের বাইরে।

পুজো উদ্যোক্তারা জানিয়েছেন, তাঁদের পুজোর প্রতিমাও হবে চোখধাঁধানো। থিমের সঙ্গে সামঞ্জস্য রেখে প্রতিমা তৈরি হচ্ছে কোচবিহারের খাগড়াবাড়িতে বাপি পালের কারখানায়। মথুরা হাটখোলার প্রতিমা প্রতি বছর শহরের বিভিন্ন পুজোমণ্ডপের মূর্তিগুলোকে টক্কর দেয়। এবছর এই পুজো কমিটির প্রতিমা রঙিন নয়, হবে স্টিল ও সোনালি রংয়ের।

পুজো কমিটির সভাপতি শুভঙ্কর সরকারের কথায়, 'এবছর মথুরা হাটখোলার পুজো ৭২ বছরে পড়ল। পুজোর এবারের বাজেট প্রায় ৫ লক্ষ টাকা। মূলত পুজো কমিটির সদস্যদের চাঁদা সহ মথুরা বাজার থেকে চাঁদা নিয়েই এই পুজো হয়।

এছাড়াও বিভিন্ন জায়গা থেকে পুজোর চাঁদা তোলা হয়। সেই কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে।'



মথুরা হাটখোলা সর্বজনীন দুর্গাপুজো কমিটির মণ্ডপের কাজ চলছে।

**খুঁটিনাটি**

- বর্তমানে বাঁশের কাজ চলছে, এরপর কাপড় লাগানো হবে
- থিমের মডেলগুলো তৈরি হবে প্লাই, থার্মোকল, ফোম দিয়ে
- বেশ কয়েকটি মুখোশও থাকবে মণ্ডপের বাইরে
- মথুরা হাটখোলার পুজো ৭২ বছরে পড়ল, বাজেট প্রায় ৫ লক্ষ টাকা

# পণের দাবিতে বধূ নির্যাতন

**শামুকতলা, ৭ সেপ্টেম্বর :** শামুকতলা থানার পশ্চিম খলিসামারি গ্রামে মারধর করে শ্বশুরবাড়ি থেকে তাড়িয়ে দেওয়া হয় এক বধূকে। নির্যাতিতার নাম অনীতা দাস। গত শুক্রবার স্বামী, শাশুড়ি ও ননদ মিলে তাঁকে শ্বশুরবাড়ি থেকে বের করে দেন। এরপর আহত অবস্থায় তিনি যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে চিকিৎসা করাতে যান। শনিবার রাতে শামুকতলা থানায় শ্বশুরবাড়ির লোকেদের বিরুদ্ধে অভিযোগ করেন তিনি।

অনীতা জানান, ১৪ বছর আগে সামাজিক মতে তাঁর বিয়ে হয়েছিল। তাঁর ২ মেয়ে রয়েছে। বিয়ের পর থেকেই স্বামীর তাঁকে পছন্দ নয় বলে, শ্বশুরবাড়ির লোকেরা তাঁর ওপর অত্যাচার চালাত। গত শুক্রবার অত্যাচারের মাত্রা ছাড়িয়ে যায়। তাঁর বুকে ও পিঠে বাঁশ দিয়ে মারা হয়। এখন বাপের বাড়িতে আশ্রয় নিয়েছেন তিনি। অনীতার বাবা কমল দাস জানান, তাঁর মেয়েকে নির্যাতন করায়, ২০১৪ সালে এই নিয়ে থানায় অভিযোগ করেছিলেন তিনি। তখন সালিশি সভায় তাঁর জামাই বলেছিল, অনীতার ওপর আর অত্যাচার করা হবে না। তারপর তিনি জামাইয়ের বিরুদ্ধে অভিযোগ প্রত্যাহার করেছিলেন। কিন্তু তার পরেও অত্যাচার কমেনি। তাঁর কথায়, 'বিয়ের সময় কিছু সোনা কম দেওয়া হয়েছিল। পরে সেটুকুও আমি দিয়ে এসেছি। কিন্তু অত্যাচার থামেনি। মেয়ে সব সহ্য করে সংসার করে যাচ্ছিল। কিন্তু গত শুক্রবারের মারধর সহ্য করতে পারেনি। ওকে বাড়ি থেকে তাড়িয়ে দিয়েছে শাশুড়ি, ননদ আর জামাই মিলে। আমি তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাইছি।' এই বিষয়ে শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে জানান, অনীতার অভিযোগ পেয়ে তাঁরা ঘটনার তদন্ত শুরু করেছেন। অভিযোগ খতিয়ে দেখে অভিযুক্তদের দ্রুত গ্রেপ্তার করা হবে।

# শিক্ষামন্ত্রীর আশ্বাস

**হাসিমারা, ৭ সেপ্টেম্বর :** কালচিনি ব্লকের হাসিমারায় ইন্দিরা গান্ধি ন্যাশনাল ট্রাইবাল ইউনিভার্সিটির রিজিওনাল সেন্টার তৈরির আবেদন খতিয়ে দেখার ব্যাপারে আশ্বাস দিয়েছেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। রবিবার কালচিনির বিধায়ক বিশাল লামা জানিয়েছেন, শিক্ষামন্ত্রকের তরফে ইতিবাচক পদক্ষেপ করার আশ্বাস দেওয়া হয়েছে। কালচিনি ব্লকের হাসিমারায় দেশের গুরুত্বপূর্ণ বায়ুসেনা ঘাঁটির এয়ার বেস রয়েছে। রয়েছে অত্যাধুনিক রাফাল যুদ্ধবিমান। কিন্তু কোনও বড় শিক্ষাপ্রতিষ্ঠান নেই। সেজন্য প্রায় এক মাস আগে নয়াদিল্লিতে গিয়ে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের কাছে ইন্দিরা গান্ধি ন্যাশনাল ট্রাইবাল ইউনিভার্সিটির রিজিওনাল সেন্টার তৈরির জন্য আবেদন জানিয়েছিলেন বিধায়ক বিশাল লামা। সেই আবেদনের পরিপ্রেক্ষিতে বিধায়ককে চিঠি পাঠিয়েছেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী। বিধায়ক বলেন, 'ওই এলাকায় সংশ্লিষ্ট ইউনিভার্সিটির রিজিওনাল সেন্টার চালু করা হলে কালচিনি ব্লক ছাড়াও উত্তরবঙ্গের উপজাতি সম্প্রদায়ভুক্ত পড়ুয়ারা উপকৃত হবে।'



দলবেঁধে।। রবিবার গ্যারগান্ডা নদীর বুকে হাতির পাল। -সংবাদচিত্র

## সন্ধ্যায় অবশেষে এলাকা ছাড়া

# মালঙ্গি বস্তিতে ঠায় দাঁড়িয়ে হাতির পাল

মোস্তাক মোরশেদ হোসেন

**বীরপাড়া, ৭ সেপ্টেম্বর :** রাতের আঁধার তখনও কাটেনি! খুদেদের নিয়ে ফালাকাটার দলমণি ফরেস্ট থেকে রওনা হয়েছিল মা হাতিরা। গন্তব্য, রাঙ্গালিবাজনার ধুমচি ফরেস্ট। কিন্তু এশিয়ান হাইওয়ে পেরোতেই ঘড়ির কাঁটা ভোর পাঁচটা পেরিয়ে যায়। অগত্যা রবিবার ছোট-বড় মিলিয়ে প্রায় পঁচিশটি হাতির দিনভর বিরাম মালঙ্গি বস্তিবাসীদের ব্যক্তিগত বাগানে। খবর পেয়ে হাতি দেখতে দলে দলে লোক ছোটেন মালঙ্গি বস্তিতে। ততক্ষণে ঘটনাস্থলে পৌঁছে গিয়েছেন বনকর্মীরা। ওঁরা উৎসাহীদের পথ আগলে দাঁড়ান। অন্যদিকে, তাঁরা দিনভর নজরে রাখেন হাতির পালটিকে। শেষপর্যন্ত ওদের যখন ফের রওনা করানো গেল, ঘড়িতে তখন সন্ধ্যা সাড়ে ছ'টা।

বন দপ্তর জানিয়েছে, এলাকাটি হাতি চলাচলের করিডর। তবে এশিয়ান হাইওয়ে সরাসরি না পেরিয়ে গ্যারগান্ডা সড়কসেতুর তলা ব্যবহার করে হাতির পাল। এদিনও সেটাই করেছিল পালটি। গ্রামবাসীরা জেগে উঠে হইচই শুরু করায় ঘাবড়ে গিয়ে ঝোপঝাড়ে আশ্রয় নেয় হাতিগুলি। স্থানীয়রা জানিয়েছেন, শাবক হাতিগুলি ক্লান্ত হয়ে পড়েছিল। ঝোপঝাড়ে শুয়ে পড়ে। ফলে মা হাতিরাও শাবকদের আগলে ঠায় দাঁড়িয়ে ছিল।

উৎসাহী কয়েকটি হাতি বাঁশ গাছ ভাঙার চেষ্টা করতেই সেগুলি গিয়ে পড়ে বিদ্যুতের তারের ওপর। সঙ্গে সঙ্গে এলাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়। ঘটনাস্থলে যান পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানির কর্মীরা। নিরাপদেই হাতিগুলিকে বনে ফেরত পাঠানো গিয়েছে, সন্ধ্যায় জানান মাদারিহাটের রেঞ্জ অফিসার শুভাশিস রায়। মালঙ্গি বস্তির ভেতর দিয়ে শর্টকাটে বীরপাড়া যাওয়ার রাস্তা রয়েছে। শিশুবাড়ি, গোপালপুরের অনেকেই ওই রাস্তাটি ব্যবহার করেন। তবে এদিন ওই রাস্তা দিয়ে কাউকে যাতায়াত করতে দেননি বনকর্মীরা।

তবে ততক্ষণে সাহস করে হাতি দেখে ফিরে এসেছে সপ্তম শ্রেণির অক্ষিত ওরাওঁ, হেমেন মঙ্গররা। শিশুবাড়ির রাজকুমার রায় বলছিলেন, 'আমিও হাতি দেখতে এসেছি। কিন্তু বনকর্মীরা কাছে যেতে দেননি।' এলাকার কাঞ্চা মঙ্গর জানান, এক বন থেকে আরেক বনে যাওয়ার পথে এই এলাকার ঝোপঝাড়ে মাঝে মাঝেই হাতির পাল বিশ্রাম করে। কারণ এলাকাবাসীর রোপণ করা হাজার হাজার গাছ রয়েছে। ২০১৯ সালের ৭ অক্টোবর ওই এলাকায় একইভাবে ঝোপঝাড়ে দাঁড়িয়েছিল হাতির পাল। কয়েকশো মানুষ হাতি দেখতে ভিড় করেন। এঁদের মধ্যে বিজয় ওরাওঁ নামে সিংহানিয়া চা বাগানের এক বাসিন্দা বনকর্মীদের নিষেধাজ্ঞা না শুনে এগিয়ে যান। হাতির আক্রমণে ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। এদিন বনকর্মীরা স্থানীয়দের ওই ঘটনার কথা স্মরণ করিয়ে দিয়ে হাতির কাছাকাছি যেতেই দেননি।

তবে সকাল থেকে ছাতা মাথায় দাঁড়িয়ে দূর থেকে ঝোপঝাড়ের ওপর নজর রেখেছেন দলে দলে মানুষ। যদি একবার হাতি দেখা যায়! এলাকার উত্তম মঙ্গর বলছিলেন, 'হাতির পালে শাবক থাকায় ঝুঁকি রয়েছে। কারণ শাবক ছুটোছুটি করলে পেছন পেছন মায়েরাও ছোটে। তখন সামনে মানুষ পড়লেই আক্রমণ করে মা হাতি।'

**পথে হল দেরি**

- শাবকদের নিয়ে দলমণি ফরেস্ট থেকে রওনা হয়েছিল মা হাতিরা
- তাদের গন্তব্য ছিল রাঙ্গালিবাজনার ধুমচি ফরেস্ট
- এশিয়ান হাইওয়ে পেরোতেই ঘড়ির কাঁটা ভোর পাঁচটা পেরিয়ে যায়
- পঁচিশটি হাতির দিনভর বিরাম মালঙ্গি বস্তিবাসীদের ব্যক্তিগত বাগানে
- শেষপর্যন্ত যখন ফের রওনা করানো গেল, ঘড়িতে তখন সন্ধ্যা সাড়ে ছ'টা

## টোটোপাড়ার পরীক্ষার্থীদের নিয়ে চিন্তায় প্রশাসন

প্রণব সূত্রধর

**আলিপুরদুয়ার, ৭ সেপ্টেম্বর :** টোটোপাড়ার উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য দুটি হস্টেলের ব্যবস্থা করছিল প্রশাসন। তবে সরকারি ব্যবস্থাপনায় আগ্রহ দেখায়নি পরীক্ষার্থীরা। আর তাতেই উদ্বিগ্ন প্রশাসন। বিশেষ করে বৃষ্টির পূর্বাভাস রয়েছে। নদীতে জল বৃদ্ধি পেলে পরীক্ষাকেন্দ্রে পৌঁছানো চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। টোটোপাড়ার উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য দুটি হস্টেলের ব্যবস্থা করেছিল জেলা প্রশাসন। টোটোপাড়াতে ১৮ জন পরীক্ষার্থী রয়েছে।

এবিষয়ে জেলা উচ্চমাধ্যমিক যুগ্ম আহ্বায়ক ভাস্কর মজুমদার বলেন, 'টোটোপাড়ার পরীক্ষার্থীদের জন্য দুটি হস্টেলের ব্যবস্থা করা হয়েছিল। অভিভাবকরা আগ্রহ দেখাননি। নদীতে জল বাড়লে যাতায়াতের সমস্যা হতে পারে। তবে বিষয়টির উপর প্রশাসনের নজরদারি থাকবে। এছাড়াও প্রশ্নপত্র ও উত্তরপত্র নিয়ে যাওয়া-আসার জন্য এসকর্টের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও পুলিশের পেট্রলিং থাকবে।'

জেলা প্রশাসন সূত্রে খবর, টোটোপাড়ার ১৮ জন পরীক্ষার্থীর মাদারিহাট সেন্টারের রাঙ্গালিবাজনা হাইস্কুলে পরীক্ষাকেন্দ্র। তাদের মাদারিহাট ইউথ হস্টেল ও রাঙ্গালিবাজনা মোহন সিং হাইস্কুল হস্টেলে থাকার ব্যবস্থা করা হয়েছিল। তাদের মধ্যে ৭ জন ছাত্রী ও ৩ জন ছাত্র নিজেদের উদ্যোগে থাকার ব্যবস্থা করে নিয়েছে। বাকি ৮ জন অবশ্য নিত্য যাতায়াত করবে। নদী পারাপার করে এই ৮ জন পরীক্ষার্থীর যাতায়াত ঝুঁকিপূর্ণ হয়ে পড়তে পারে বলে মনে করছেন প্রশাসনের কর্তাব্যক্তিরা। বিশেষ করে বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ফলে নদীতে জল বৃদ্ধি পেলে যাতায়াতে সময় অনেক বেশি লাগবে। এমনকি তা ঝুঁকিপূর্ণ হয়ে উঠতে পারে।

**উচ্চমাধ্যমিক**

টোটোপাড়ার পরীক্ষার্থীদের বেশিরভাগ মাদারিহাট হাইস্কুলের পড়ুয়া। তাই জেলা প্রশাসনের তরফে বিদ্যালয়ের কর্তৃপক্ষের সহযোগিতায় অভিভাবকের সঙ্গে যোগাযোগ করা হয়। প্রথমে কয়েকজন পরীক্ষার্থী হস্টেলে থাকার আগ্রহ করলেও অভিভাবকদের সাড়া মেলেনি বলে অভিযোগ। রবিবার বিকাল পর্যন্ত প্রতীক্ষা করেও পরীক্ষার্থীরা আগ্রহ না দেখালে হতাশ হন কর্তৃপক্ষ। এদিকে টোটোপাড়ার ভক্ত টোটো বলছেন, 'টোটোপাড়া থেকে পরীক্ষার্থীদের জন্য বড় বাসের দাবি ছিল। সেই বাস না পেলে পরীক্ষার্থীদের দুর্ভোগ বাড়বে।' এছাড়া হস্টেলের বিষয়ে তাঁরা কিছুই জানেন না ভরতের দাবি।

ঝড়-বৃষ্টির মরশুম থাকায় বিপর্যয় মোকাবিলা দপ্তর, স্বাস্থ্য দপ্তর, জেলা প্রশাসনের একাধিক দপ্তরকে প্রস্তুত থাকতে বলা হয়েছে। প্রশ্নপত্র পরীক্ষাকেন্দ্রে পৌঁছানো, ফের পরীক্ষা শেষে থানায় উত্তরপত্র জমা রাখার জন্য এসকর্ট টিম থাকবে। চলতি বছরে এসকর্টের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। প্রশ্ন ও উত্তরপত্র পরিবহণ রুটে পুলিশের পেট্রলিং থাকবে বলে প্রশাসনের কর্তারা জানিয়েছেন।

## গজরাজের তাণ্ডব

**কালচিনি, ৭ সেপ্টেম্বর :** শনিবার গভীর রাতে কালচিনি ব্লকের সেন্ট্রাল ডুয়ার্স চা বাগানের হাতিমারা ডিভিশনের বাসিন্দা রোহন ওরাওঁয়ের দোকান বুনো হাতির হানায় ক্ষতিগ্রস্ত হল। পাশাপাশি দোকানের পেছনে থাকা বাড়ির রান্নাঘরও ক্ষতিগ্রস্ত হয়। অভিযোগ, দোকানে রাখা খাদ্যসামগ্রী খেয়ে সাবাড় করে হাতিটি। খবর পেয়ে বক্সা ব্যাঘ্র-প্রকল্পের হ্যামিল্টনগঞ্জ রেঞ্জের বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছে হাতিটিকে জঙ্গলমুখী করেন। বাসিন্দাদের অভিযোগ, প্রায় রাতে বাগানের বিভিন্ন শ্রমিক লাইনে হাতি হামলা চালায়।

সংশ্লিষ্ট রেঞ্জের রেঞ্জ অফিসার অর্ণব দাস জানিয়েছেন, ক্ষতিগ্রস্ত দোকান ও বাড়ি বনকর্মীরা পরিদর্শন করেছেন। ক্ষতিগ্রস্ত ব্যক্তি সরকারি ক্ষতিপূরণের আবেদন করলে ক্ষতিপূরণ দেওয়ার বিষয়টি খতিয়ে দেখা হবে। বনকর্মীরা নিয়মিত ওই এলাকায় টহলদারি চালান বলে বন দপ্তরের তরফে জানানো হয়েছে।

## নাট্য উৎসবে থাকছে কর্ণ, স্বপ্নের মেঘ

রাজু সাহা

**শামুকতলা, ৭ সেপ্টেম্বর :** দুর্গাপুজোর আর বাকি মাত্র ২৩ দিন। দুর্গাপুজোর ঢাকে কাঠির আওয়াজ মিলিয়ে যাওয়ার আগেই শীতের হিমেল ছোঁয়া ছড়িয়ে পড়বে আকাশে বাতাসে। আর সেইসঙ্গে শুরু হয়ে যাবে পশ্চিমবঙ্গ তথ্য ও সংস্কৃতি বিভাগ দ্বারা আয়োজিত পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমির ২৫তম নাট্যমেলা। নভেম্বর এবং ডিসেম্বর মাসজুড়ে সারা রাজ্য এই মেলা হবে। পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমির পক্ষ থেকে জানানো হয়েছে রাজ্যর ১০টি জায়গায় উৎসব অনুষ্ঠিত হবে। সম্ভাব্য জায়গাগুলোর মধ্যে রয়েছে কোচবিহার, জলপাইগুড়ি, রায়গঞ্জ, বহরমপুর, আসানসোল, চন্দননগর, মেদিনীপুর, সাঁওতালডিহি, পানিহাটি এবং জয়নগর। কলকাতাতেও এই উৎসব আয়োজিত হবে। কলকাতার রবীন্দ্র সদন, মধুসূদন মঞ্চ, গিরীশ মঞ্চ, শিশির মঞ্চ, রবীন্দ্রতীর্থ (নিউ টাউন), একতারা মুক্তমঞ্চ, তৃপ্তি মিত্র নাট্যগৃহ মিলিয়ে মোট আটটি জায়গায় এই নাট্য উৎসব অনুষ্ঠিত হবে। এছাড়া কলকাতার বিভিন্ন জায়গায় পথনাটিকা অনুষ্ঠিত হবে। অ্যাকাডেমির পাশাপাশি বিভিন্ন নাট্য সংস্থার আয়োজনে ডিসেম্বর থেকে মার্চ মাস অবধি চলছে নাট্যমেলা এবং উৎসব। এই উৎসবগুলিতে অংশ নেওয়ার জন্য আলিপুরদুয়ার জেলার বিভিন্ন নাট্য সংস্থা জোরকদমে নতুন নাটকের মহড়া শুরু করে দিয়েছে। নাট্য আকাডেমিতে সমস্ত নিয়ম মেনে তাঁরা অংশগ্রহণের জন্য আবেদনপত্র জমা দিচ্ছেন।

**অথ নাট্য-কথা**

নভেম্বর এবং ডিসেম্বর মাসজুড়ে সারারাজ্যে নাট্য উৎসব

বিভিন্ন জেলার ১০টি জায়গায় এবং কলকাতার আটটি মঞ্চে এই উৎসব হবে

**থাকছে পথনাটিকাও**

আলিপুরদুয়ারের বিভিন্ন নাট্য সংস্থা এই উৎসবে অংশ নেওয়ার জন্য নতুন নাটকের মহড়া দিচ্ছে

কামাখ্যাগুড়ি আওয়াজ নাট্য এবং সাংস্কৃতিক সংস্থার কর্মকর্তা বিষ্ণু চক্রবর্তী বলেন, 'এই বছর আমাদের নতুন প্রযোজনা কর্ণ। মহাভারতের গল্প থেকে একটি মনোজ্ঞ নাটক প্রস্তুত করেছি।' তিনি যোগ করেন, 'নাট্য অ্যাকাডেমির এই উদ্যোগ সত্যি প্রশংসনীয়। নিজেদের নাট্য উৎসবের পাশাপাশি আমরা নাট্য অ্যাকাডেমির নাট্য উৎসব অংশ নেওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছি। তবে বাংলা অ্যাকাডেমির নাট্য উৎসবে অংশগ্রহণ করবার জন্য আবেদনপত্র দ্রুত জমা করতে হবে। কিছুটা আগে এই মেলার আবেদন করার তারিখ জানতে পারলে খুব ভালো হত।'

সলসলাবাড়ি ডুয়ার্স নাট্যকথা, পলাশবাড়ির ভাবনা নাট্যম সংস্থা, ফালাকাটার রেনেসাঁ এবং রানার, আলিপুরদুয়ার কালজানি নাট্য সংস্থা এবং বারবিশার বিভিন্ন নাট্য সংস্থা ইতিমধ্যে নাট্যমেলার প্রস্তুতি শুরু করে দিয়েছে।

সলসলাবাড়ি ডুয়ার্স নাট্যকথার প্রযোজক গৌতম দত্ত বলেন, 'এই বছর নাট্য উৎসবের আয়োজন করছি, তার জন্য প্রস্তুতি চলছে। আমাদের এবারের নাটক- স্বপ্নের মেঘ। একটি মেয়ের জীবনের কাহিনী অবলম্বনে সুন্দর একটি নাটক প্রস্তুত করেছি।' তিনি যোগ করেন, 'পশ্চিমবঙ্গ নাট্য অ্যাকাডেমির নাট্য উৎসব জেলায় জেলায় অনুষ্ঠিত হবে। এটা কাছে অনেক বড় পাওনা। আমরা ছাড়াও অন্য নাট্য সংস্থাগুলিও নতুন নাটক প্রস্তুত করছে। আলিপুরদুয়ারে ডিসেম্বর মাস থেকে উৎসব শুরু হয়ে যাবে। কামাখ্যাগুড়ি, বারবিশা ফালাকাটা, আলিপুরদুয়ার এবং পলাশবাড়িতে নাট্য উৎসব হবে।'

সব মিলিয়ে পুজো শেষ হলেই, গায়ে শীতের পরশ মেখে নাট্য উৎসবে মেতে উঠবে গোটা রাজ্য এবং আলিপুরদুয়ার।

# গাড়ির ছাদে চেপে স্কুলে

## চা বলয়ে বন্ধ এনবিএসটিসি-র বাস পরিষেবা

মোস্তাক মোরশেদ হোসেন

**বীরপাড়া, ৭ সেপ্টেম্বর :** বীরপাড়ার চা বলয়ে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের (এনবিএসটিসি) বাস পরিষেবা চালুর কয়েকদিন পরই বন্ধ হয়ে গিয়েছে। ফলে ঢেকলাপাড়া, বান্দাপানি, জয়বীরপাড়া, মাকরাপাড়া, তুলসীপাড়া, রামঝোরা, লঙ্কাপাড়া চা বাগানগুলির শ্রমিক পরিবারের ছেলেমেয়েদের স্কুলে যাতায়াতে ভরসা দুই-একটি বেসরকারি বাস এবং ছোট গাড়ি। বিভিন্ন রুটে এনবিএসটিসির বাসের সংখ্যা বাড়লেও প্রত্যন্ত ভুটান সীমান্তের চা বাগানগুলি বঞ্চিত কেন, প্রশ্ন বিভিন্ন পড়ুয়ার অভিভাবকদের।

বীরপাড়া থেকে লঙ্কাপাড়া, মাকরাপাড়ার দূরত্ব কমবেশি ১৮ কিমি। বান্দাপানি ১৪ কিমি, ঢেকলাপাড়া ৯ কিমি, তুলসীপাড়া ১০ কিমি, রামঝোরা ৮ কিমি দূরে। লঙ্কাপাড়া থেকে দুই-একটি বেসরকারি বাস শিলিগুড়ি যায় সাতসকালে। বীরপাড়া থেকে সেগুলি লঙ্কাপাড়া ফেরে সন্ধ্যা নাগাদ। ফলে সেই বাসগুলোতে পড়ুয়ারা যাতায়াত করতে পারে না। এদিকে, ছোট গাড়িতে স্কুলে যাতায়াতে পড়ুয়াদের মাথাপিছু দৈনিক গাড়িভাড়া লাগে ৬০ থেকে ১০০ টাকা। তা-ও সেই যাত্রা সবসময় নিরাপদের নয়। কখনও ছোট গাড়ির ছাদ, পিছনের সিঁড়ি কিংবা বনেটে চেপে স্কুলে যাতায়াত করতে হয়। গতবছর বীরপাড়ায় একটি ছোট গাড়ি উলটে কয়েকজন পড়ুয়া আহত হয়।

বীরপাড়া থেকে বান্দাপানি পর্যন্ত একটি ছোট বেসরকারি বাস চলে। সেই বাসের ছাদ কিংবা পেছনের সিঁড়িতেও মাঝেমধ্যে পড়ুয়াদের ঝুলে থাকতে দেখা যায়। বান্দাপানির সঞ্জয় সুরি বললেন, 'আমার ছেলে বীরপাড়ার একটি স্কুলে আর মেয়ে বীরপাড়া লাগোয়া একটি স্কুলে পড়ে। বাসে প্রায়ই জায়গা হয় না। তাই তিন হাজার টাকার মাসিক চুক্তিতে একটি টোটো ভাড়া করেছি। অন্তত পড়ুয়াদের কথা ভেবে সরকারি বাস পরিষেবা চালু করা প্রয়োজন। কিন্তু সরকারের তো কোনও হেলদোলই নেই।'



এভাবেই স্কুলে যাতায়াত করে বান্দাপানি, ঢেকলাপাড়ার পড়ুয়ারা।

অন্যদিকে, চা শ্রমিকদের উপার্জন কম। তার ওপর বান্দাপানি চা বাগানটি ধুঁকছে। দীর্ঘদিন শ্রমিকরা মজুরির টাকা পাননি। তাই রোজ বেসরকারি বাস কিংবা ছোট গাড়িতে করে স্কুলে যাতায়াতের সামর্থ্য নেই অধিকাংশের। ১৪ কিমি দূর থেকে বান্দাপানির অনেক শ্রমিক পরিবারের পড়ুয়া সাইকেলে চেপে বীরপাড়ায় স্কুলে যায়।

সৌরভ চক্রবর্তী চেয়ারম্যান থাকাকালীন ২০১৬ সালের বিধানসভা ভোটের আগে আলিপুরদুয়ার থেকে বীরপাড়া হয়ে লঙ্কাপাড়া পর্যন্ত বাস পরিষেবা চালু করে এনবিএসটিসি। ভোটের পর সেবছর পরিষেবা বন্ধ হয়ে যায়। ২০২১ সালের বিধানসভা ভোটের আগে ওই রুটে পরিষেবা চালু হলে ফের ভোটের পর বন্ধ হয়। ২০২১ সালের ২৫ জানুয়ারি বান্দাপানি থেকে বীরপাড়া হয়ে আলিপুরদুয়ার রুটে একটি বাস পরিষেবা চালু হয় এনবিএসটিসির তৎকালীন বোর্ড অফ ডিরেক্টরের সদস্য মৃদুল গোস্বামীর উদ্যোগে। সেবছরই ভোটের পর ফের বন্ধ হয় পরিষেবা।

চলতি বছরের ১ অগাস্ট লঙ্কাপাড়া এবং তুলসীপাড়ার প্রায় দেড়শো পড়ুয়া মাদারিহাটের বিডিও অমিতকুমার চৌরাসিয়াকে বীরপাড়া-লঙ্কাপাড়া রুটে সরকারি বাস চালুর দাবিতে স্মারকলিপি দেয়। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে, বক্তব্য বিডিওর। তুলসীপাড়ার কলেজ পড়ুয়া সারদা ওরাওঁ বলেন, 'চওড়া পাকা রাস্তা রয়েছে। অথচ সরকারি বাস নেই।' এনবিএসটিসির চেয়ারম্যান পার্থপ্রতিম রায়ের আশ্বাস, 'ওই এলাকাগুলিতে ফের বাস পরিষেবা চালু করা যায় কি না, তা খতিয়ে দেখা হবে।'

**ভোট কৌশল**

- ২০১৬-এর বিধানসভার আগে আলিপুরদুয়ার থেকে লঙ্কাপাড়া পর্যন্ত এনবিএসটিসি-র বাস চলত
- সেবছর ভোটের পর বাস পরিষেবা বন্ধ হয়ে যায়
- ২০২১ সালের বিধানসভা ভোটের আগে পরিষেবা চালু হয়ে ভোটের পর ফের বন্ধ হয়ে যায়
- ২০২১ সালে বান্দাপানি থেকে বীরপাড়া হয়ে আলিপুরদুয়ার রুটেও একটি বাস পরিষেবা চালু হয়
- সেটাও ভোটের পর বন্ধ হয়ে যায়



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com
শরৎ ও সবুজ।। মালবাজারে ছবিটি তুলেছেন সৌভিক পোদ্দার।

# পুজোর আগে রাস্তা সংস্কার দাবি

সুভাষ বর্মন

**পলাশবাড়ি, ৭ সেপ্টেম্বর :** ভালো শাড়ি পরে, সেজেগুজে পুজো দেখতে বেরিয়ে যদি রাস্তায় নেমে টোটোকে ধাক্কা দিতে হয় তাহলে মেজাজ হারাতে বাধ্য। তবে উপায় নেই। পারপাতলাখাওয়ায় দুই রাস্তায় দুই কালভার্টের জন্য সেখান দিয়ে যাতায়াতে ওই সমস্যায় পড়তে হয়। এমনি সময় মানিয়ে নিলেও পুজোর সময় সকলেই বিষয়টি নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। পারপাতলাখাওয়া গ্রামের বালাসিপাড়ার মদন সরকার টোটো চালান। গ্রামের রাস্তায় রয়েছে একটি উঁচু কালভার্ট। সেই রাস্তা দিয়ে যাওয়া-আসার সময় যাত্রীদের নেমে টোটোয় ধাক্কা দিতে হয়। কারণ, কালভার্টের দু'পাশে সংযোগকারী রাস্তা সংস্কার করা হয়নি। গ্রামের ডাঙ্গাপাড়ার রাস্তাতেও উঁচু কালভার্টে একই পরিস্থিতির স্বীকার হন টোটোচালকরা।

মদনের কথায়, 'যাত্রী নিয়ে একটানে টোটো উঠতে চায় না। কালভার্টের মুখে যাত্রীদের নামাতে হয়। যাত্রীদের টোটোর পেছনে ধাক্কা লাগাতে অনুরোধ করতে হয়। পুজোর সময় নতুন পোশাক পরে অনেকেই টোটোয় পুজো দেখতে যাবেন। তখনও টোটোয় ধাক্কা লাগাতে বলাটা লজ্জাজনক।' তাই পুজোর আগে টোটোচালকদের পাশাপাশি স্থানীয়রা দুই কালভার্টের সংযোগকারী রাস্তা সংস্কারের দাবি তুলেছেন।



এভাবেই টোটোর পেছনে ধাক্কা দিতে হয়। পারপাতলাখাওয়ায়।

পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান কমলেশ্বর বর্মনের কথায়, 'পারপাতলাখাওয়ার দুই রাস্তায় দুটি উঁচু কালভার্ট নিয়ে বাসিন্দারা সমস্যার কথা জানিয়েছেন। একশোদিনের কাজ বন্ধ থাকায় এতদিন কিছুই করা যায়নি। তবে পুজোর আগে গ্রাম পঞ্চায়েতের তহবিল থেকে সম্ভব হলে দুই কালভার্টের অ্যাপ্রোচ রোড সংস্কার করা হবে।'

পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের বালাসিপাড়ায় যাওয়ার রাস্তাটি কাঁচা। রাস্তাটি শিশাগোড়ে গিয়ে মহাসড়কে উঠেছে। কিন্তু ওই কাঁচা রাস্তার মাঝামাঝিতে একটি নালার উপর কয়েক বছর আগে গ্রাম পঞ্চায়েত থেকেই তৈরি করা হয়েছিল কালভার্ট। একই সময়ে আরেকটি কালভার্ট তৈরি করা হয় কদমতলা-ডাঙ্গাপাড়া রাস্তায়। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, দুটি কালভার্টই কাঁচা রাস্তার থেকে অনেকটা উঁচু। কালভার্ট তৈরির সময় তাঁরা বারবার সংযোগকারী রাস্তা ভালোভাবে তৈরি করার দাবি জানিয়েছিলেন। কিন্তু কাজ হয়নি। তাই কালভার্ট নিয়ে ভোগান্তি পোহাতে হচ্ছে। গ্রামের অনেক পড়ুয়াই সাইকেল নিয়ে স্কুলে যাতায়াত করে। উঁচু কালভার্টে সাইকেল নিয়ে উঠতে গিয়ে অনেক সময় দুর্ঘটনাও ঘটে। পরিমল সরকার নামে এক অভিভাবকের কথায়, 'আমার ছেলে একাদশ শ্রেণিতে পড়ে। সাইকেল নিয়ে কালভার্টে একবার পড়ে গিয়ে পায়ে চোট পেয়েছে।'

## সহায়তা

**হ্যামিল্টনগঞ্জ, ৭ সেপ্টেম্বর :** ২১ সেপ্টেম্বর থেকে চেন্নাইয়ে জাতীয় স্তরের সাইক্লিং প্রতিযোগিতা শুরু হবে। সেখানে প্রতিযোগী হিসেবে ডুয়ার্সের প্রতিনিধিত্ব করবেন কালচিনি ব্লকের পূর্ব সাতালি গ্রামের গোকুল রাই। তবে প্রতিযোগিতায় অংশ নেওয়ার জন্য রেজিস্ট্রেশন ফি, যাতায়াত ও থাকার খরচ না থাকায় দুঃস্থ ওই তরুণের চেন্নাই যাওয়ার পরিকল্পনা ভেস্তে যাচ্ছিল। যদিও খবর পেয়ে রাজ্য ট্রাইবাল ডেভেলপমেন্ট অ্যান্ড কালচারাল বোর্ডের কার্যনির্বাহী কমিটির সদস্য বিনয় নার্জিনারি তাঁর পাশে দাঁড়িয়েছেন। তিনি ও কোদালবস্তি রেঞ্জ ও কয়েকটি বিট অফিসের আধিকারিকদের সহযোগিতায় ওই তরুণ ১৮ সেপ্টেম্বর চেন্নাই যাবেন। এমন উদ্যোগের প্রশংসা করেছেন ওই তরুণ।

## চোখ পরীক্ষা

**কালচিনি, ৭ সেপ্টেম্বর :** রবিবার কালচিনি ব্লকের পোরোবস্তিতে লায়ন্স ক্লাব অফ মেন্দাবাড়ি সেবার উদ্যোগে চোখ পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়। সহযোগিতায় ছিল তৃণমূল মিডিয়া ফোর্স। সংগঠনের রাজ্য সম্পাদক কঙ্ক মুখোপাধ্যায় বলেন, 'এদিন প্রায় ১০০ জন গ্রামবাসীর চোখ পরীক্ষা করা হয়েছে। তাঁদের মধ্যে ১০ জনের চোখের ছানি ধরা পড়েছে। দ্রুত তাঁদের শিলিগুড়িতে ছানি অপারেশন করা হবে।' লায়ন্স ক্লাবের সভাপতি কৃষ্ণ বসুমাতা এদিনের শিবিরে বিনামূল্যে চশমা বিতরণ করা হয়েছে।

## কমিটি ঘোষণা

**কালচিনি, ৭ সেপ্টেম্বর :** দশদিন আগে তৃণমূলের কালচিনি ব্লক সভাপতির দায়িত্বভার পান পেমা লামা। রবিবার তিনি কালচিনি ব্লক কার্যালয় থেকেই পূর্ণাঙ্গ ব্লক কমিটি ঘোষণা করেন। তিনি বলেন, 'নতুন কমিটিতে ১৭ জন সহ সভাপতি, ১০ জন সাধারণ সম্পাদক ও ২২ জন সম্পাদককে মনোনীত করা হয়েছে।' কমিটিতে পুরোনো কয়েকজন পদাধিকারী ও নতুন পদাধিকারীকে দায়িত্বে আনা হয়েছে। পেমা জানান, চলতি মাসের ১৩-১৪ তারিখের মধ্যে দলের নতুন অঞ্চল ও বুথ কমিটির ঘোষণা করা হবে।


## প্রতিভা অন্বেষণ

**আলিপুরদুয়ার, ৭ সেপ্টেম্বর :** বসুধৈব চিত্রলেখার উদ্যোগে রংতুলি প্রোজেক্টের প্রতিভা অন্বেষণ আয়োজন করা হয়েছিল মাঝেরডাবরি চা বাগান এলাকায়। সেখানে প্রত্যন্ত এলাকার ছেলেমেয়েরা অংশ নিয়েছিল। মোট ৮০ জন অংশ নেয় এদিন। তাদের মধ্যে থেকে ৬ জনকে বেছে নেওয়া হয়েছে। এরপর ওই ৬ জনকে প্রত্যেক মাসে বিনামূল্যে ছবি আঁকা শেখানো ও চিত্রকলা বিষয়ক নানা সাহায্য করা হবে।


## সুনীল স্মরণ

**শামুকতলা, ৭ সেপ্টেম্বর :** তারারা, শামুক, তুরতুরি, হিজল এবং হিংগুলাবাস- এই পাঁচটি পত্রিকার উদ্যোগে শামুকতলায় কবি সুনীল গঙ্গোপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপিত হল রবিবার। শামুকতলা হিন্দি স্কুল সংলগ্ন এলাকার একটি কম্পিউটার প্রশিক্ষণকেন্দ্রে অনুষ্ঠানের আয়োজন করা হয়। কবির জীবন এবং সাহিত্য নিয়ে আলোচনা হয়। কবিতা পাঠে অংশ নেন অভিজিৎ ভৌমিক, সুব্রত সাহা, হরেন্দ্র দেবনাথ প্রমুখ।

# 'দু'মুঠো অন্ন' থিমে মাতৃশক্তির আরাধনা রাধানগরে



এল এল পুজো এল



নৃসিংহপ্রসাদ গঙ্গোপাধ্যায়

**বারবিশা, ৭ সেপ্টেম্বর :** রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি... দেবী মহামায়ার আরাধনা শেষে তাঁর সম্মুখে করজোড়ে, শ্রীশ্রী চণ্ডী-উক্ত এই মন্ত্রে আশিস প্রার্থনা করেন ভক্তকুল। তবে শরতে যিনি দশহাতে দশদিক আলো করে অশুভের বিনাশ করেন, বসন্তে তিনিই তো ফেরেন অনাথের নাথ দেবী অন্নপূর্ণার রূপ ধরে। আসলে তিনি মা। আর্তের উদ্ধারে তিনি ছাড়া আর কী বা গতি?

অথচ মায়ের চোখে সন্তানে-সন্তানে ভেদাভেদ না থাকলেও আমাদের সমাজে উচ্চ-নীচ, ধনী-দরিদ্র, ক্ষমতাবান-নিঃস্ব মানুষের কতই না ভাগাভাগি! কেউ খায় ভরপেট, কেউ খেতেই পায় না। কারও পাতে হেলায় লুটোয় উচ্ছিষ্ট। কেউ দোরে-দোরে ঘোরে 'দু-মুঠো অন্ন'র খোঁজে। সেই ভাবনাই এবার ফুটে উঠবে রাধানগর সর্বজনীন শ্রীশ্রী দুর্গোৎসব কমিটির ৫৮তম বর্ষের শক্তি আরাধনার থিমে। 'ক্ষুধারূপেণ সংস্থিতা' দেবী, নিরন্নের ক্ষুধাহারিণী দেবী অন্নপূর্ণা হয়ে ধরা দেবেন মণ্ডপের অন্দরে।

> পুজো ঘিরে এলাকাবাসীর এমন উৎসাহ-উদ্দীপনা আমাদের বরাবর ভালো কিছু করার প্রেরণা জোগায়। মণ্ডপ থেকে প্রতিমা, আলোকসজ্জা, শব্দ ব্যবস্থাপনা, দর্শনার্থীদের ভিড় নিয়ন্ত্রণ, পথচারীদের নিরাপত্তা, প্রতিমা নিরঞ্জন- সবকিছুতেই বিশেষ গুরুত্ব দেওয়া হয়।
>
> **মণীশ রায়** *পুজো উদ্যোক্তা*

উদ্যোক্তা দিব্যেন্দু আইচ বলেন, "সমাজে এক শ্রেণির মানুষকে দু-বেলা দু-মুঠো ভাতের জন্য দিবারাত্র পরিশ্রম করতে হয়। মানুষ খাবার পান না। আরেক দিকে এক শ্রেণির মানুষ অবলীলায় খাবার নষ্ট করেন। অথচ এই নিয়ে জনমানসে কোনও সচেতনতা নেই। এটাই 'দু-মুঠো অন্ন' থিমের মধ্য দিয়ে তুলে ধরছি। সুবর্ণ জয়ন্তী বর্ষ থেকে সমাজের বিভিন্ন দিক তুলে ধরে, সচেতনতার বার্তা দিতে থিমের পুজোর আয়োজন শুরু করেছে পুজো কমিটি। বিগত বছরগুলোয় 'ভূস্বর্গে অমরনাথ', 'কৈলাস পর্বত', 'পুরাণ পরিচিতি', 'সমুদ্রমন্থন', 'বৃদ্ধাশ্রম', 'বরফের দেশে এস্কিমো', 'মনমোহিনী ডুয়ার্স', 'ত্রিভুবন' থিম দর্শনার্থীদের প্রশংসা কুড়িয়েছে। এবারের থিমও দর্শকদের মন ছুঁয়ে যাবে বলে আশা করছি।"

পুজো কমিটির সদস্য সুব্রত পালের কথায়, 'রেওয়াজ মেনে এবারেও পুজোর দিনগুলোয় মুক্তমঞ্চে বিকেল থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে। সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেওয়ার জন্য এলাকার কচিকাঁচা এবং মহিলারা নাম জমা দিচ্ছেন।' উদ্যোক্তা মণীশ রায়ের বক্তব্য, 'পুজো ঘিরে এলাকাবাসীর এমন উৎসাহ-উদ্দীপনা আমাদের বরাবর ভালো কিছু করার প্রেরণা জোগায়। তাই থিমনির্ভর পুজো আয়োজনে মণ্ডপ থেকে প্রতিমা, আলোকসজ্জা, শব্দ ব্যবস্থাপনা, দর্শনার্থীদের ভিড় নিয়ন্ত্রণ, পথচারীদের নিরাপত্তা, প্রতিমা নিরঞ্জন- সবকিছুতেই বিশেষ গুরুত্ব দেওয়া হয়।'

পুজো কমিটির সভাপতি উত্তম সূত্রধর জানিয়েছেন, মৃৎশিল্পী দুলাল পালের হাতে গড়া দেবী দুর্গার অন্নপূর্ণা রূপ সবার নজর কাড়বে।



আলিপুরদুয়ার শহরের বাসিন্দা সমৃদ্ধি দেবনাথ প্রাক প্রাথমিকের ছাত্রী। অঙ্কন ও নৃত্যে আগ্রহ রয়েছে। একাধিক অঙ্কন প্রতিযোগিতায় অংশ নিয়ে পুরস্কৃত হয়েছে।



## ‘ফুড ফর অল’ কর্মসূচি

**কামাখ্যাগুড়ি, ৭ সেপ্টেম্বর :** রবিবার কামাখ্যাগুড়ি আশ্রয়ে লায়ন্স ক্লাবের ‘ফুড ফর অল’ কর্মসূচি হয়। মোট ১৮২ জনকে বিনামূল্যে স্বাস্থ্যসম্মত খাদ্য পরিবেশন করা হয়। এদিন এই কর্মসূচির সহায়তায় ছিলেন জগদীশ প্রসাদ চন্দক ও গৌরব সরকার। লায়ন্স ক্লাবের সেক্রেটারি অরূপরতন সাহা বলেন, ‘কামাখ্যাগুড়ি লায়ন্স ক্লাবের তরফে প্রতিনিয়ত সেবামূলক কাজ চালানো হয়। আগামীদিনেও এই ধরনের কাজ চালানো হবে।’



## জরুরি তথ্য

### মজুত রক্ত

রবিবার বিকেল ৫টা অবধি

**■ আলিপুরদুয়ার জেলা হাসপাতাল (পিআরবিসি)**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ০ |
| বি পজিটিভ | - | ৬৫ |
| ও পজিটিভ | - | ৭৪ |
| এবি পজিটিভ | - | ৮ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি নেগেটিভ | - | ০ |
| ও নেগেটিভ | - | ১ |
| এবি নেগেটিভ | - | ০ |

**■ ফালাকাটা সুপারস্পেশালিটি হাসপাতাল**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ২ |
| বি পজিটিভ | - | ৪ |
| ও পজিটিভ | - | ৩ |
| এবি পজিটিভ | - | ২ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি নেগেটিভ | - | ২ |
| ও নেগেটিভ | - | ১ |
| এবি নেগেটিভ | - | ১ |

**■ বীরপাড়া স্টেট জেনারেল হাসপাতাল**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ০ |
| বি পজিটিভ | - | ১ |
| ও পজিটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ০ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি নেগেটিভ | - | ০ |
| ও নেগেটিভ | - | ০ |
| এবি নেগেটিভ | - | ০ |

# একাত্মতাই থিম

## জাঁকজমক ছাড়াই পুজো আবাসনে





*জোরকদমে প্রতিমা তৈরি চলছে। কুমোরটুলিতে। (নীচে) প্যান্ডেল তৈরি চলছে। রাজতৃপ্তি হাউজিং কমপ্লেক্সে। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী।*

**সায়ন দে**

**আলিপুরদুয়ার, ৭ সেপ্টেম্বর :** বারোয়ারি পুজো মানেই থিমের পুজো। পুজো আসতেও বেশি দেরি নেই। শেষ মুহূর্তের কাজ চলছে পুজো মণ্ডপগুলোতে। স্টুডিওতে এখন ধীরে ধীরে মাটির মূর্তির ওপর রংয়ের প্রলেপ পড়ছে। কোথাও আবার স্টুডিওর থেকে মূর্তি বেরিয়ে মণ্ডপে চলে গিয়েছে। সেখানেই শেষের কাজটুকু চলছে। বাজারে ভিড়ে শপিংও চলছে। পুজোর প্ল্যানিং করছে তরুণ প্রজন্ম। এই সময়ে দাঁড়িয়ে তাদের পুজোতে নেই বড় থিম, নেই প্রচার, থাকবে না বড় উদ্বোধনের জাঁকজমক। তবে তাদের পুজোতে থাকে অফুরান আনন্দ। কথা হচ্ছে শহরের বিভিন্ন আবাসনের পুজোগুলোকে নিয়ে।

তাদের মধ্যেই গুরুত্বপূর্ণ দুটি পুজো হল ৪ নম্বর ওয়ার্ড নেতাজি রোড অবস্থিত কাঞ্চনজঙ্ঘা আবাসন ও অন্যটি জগদ্ধাত্রীগলি সংলগ্ন রাজতৃপ্তি হাউজিং কমপ্লেক্সের পুজো। একটি চার বছরের পুজো, অন্যটি এবার ১৫ বছরে পদার্পণ করতে চলেছে। তবে দুটি আবাসনের পুজো উদ্যোক্তাদের কথায় একটা বিষয় স্পষ্ট যে, তাঁরা প্রত্যেকেই এই পুজোর দিনগুলো জমিয়ে সকলের সঙ্গে আনন্দে কাটান। রাজতৃপ্তি হাউজিং কমপ্লেক্সে মণ্ডপ তৈরির কাজ শুরু হয়েছে। মহিলারাই মূলত এই পুজোর দায়িত্ব সামলান। পুজো কমিটির সম্পাদক রমা ভৌমিক বললেন, ‘সারাবছর যে যার মতো কাজে ব্যস্ত থাকে। মাঝে পুজোই আমাদের একমাত্র আনন্দের অক্সিজেন। আর তাই এই পুজোকে নিয়ে আমরাও সারাবছর অপেক্ষা করি। প্রস্তুতিও প্রায় দুইমাস আগে থেকেই শুরু হয়। আমাদের এই আবাসনে প্রায় ৫৯টি পরিবার রয়েছে। তাদের প্রত্যেকেই এই পুজোয় অনেক সহযোগিতা করে। এককথায় ঠাকুর বায়না থেকে শুরু করে, পুজোর আয়োজন সব কিছুই আমরা বেশ উপভোগ করে কাটাই।’

তবে আজকাল বিভিন্ন পুজোমণ্ডপে যে সাংস্কৃতিক অনুষ্ঠান করতে দেখা যায়, সেখানে আবাসনের পুজোতে কী ব্যবস্থা রয়েছে প্রশ্ন করায় তিনি জানান, তাঁরা নিজেরাই এই পুজো করেন। বাইরের থেকে চাঁদা তোলেন না। এবার সেখানকার মহিলারা আলপনা দেবেন। পাশাপাশি বস্ত্রবিতরণ ও দরিদ্রদের খাওয়ানোর ব্যবস্থা থাকবে।

অন্যদিকে, কাঞ্চনজঙ্ঘা আবাসনের বাসিন্দারাও বিগত তিন বছর ধরে পুজো করে আসছেন। আর এবারে তাদের পুজো চার বছরে পড়ল।

তাদের আবাসনে রয়েছে ৩৯টি পরিবার। পুজোর দিনগুলো তাঁরাও বেশ আনন্দেই কাটান। পাশাপাশি আরেকটি বিশেষ দিক উঠে এসেছে তাদের পুজোয়। পুজোর দিনগুলিতে আবাসনের প্রত্যেকেই নিরামিষ খান। এছাড়া পুজোর সময় আর তাদের কারও ঘরে উনুন ধরে না। সকলে মিলে পুজোর দিনগুলি একসঙ্গে খাওয়াদাওয়া করে এবং আনন্দে সময় কাটান।

সম্পাদক মিঠুন চক্রবর্তীর কথায়, ‘এই পুজোর সঙ্গে আমাদের প্রত্যেকের আবেগ জড়িয়ে থাকে। পাশাপাশি অষ্টমীর অঞ্জলি থেকে শুরু করে নবমীর ভোগ প্রসাদ ও পুজোর দিনগুলিতে প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে আমরা সকলেই এই দুর্গাপুজোটাকে বেশ উপভোগ করি। অন্যদিকে, আমরা দরিদ্রনারায়ণ সেবাও করে থাকি। প্রতিবেশীরাও আমাদের পুজো দেখতে আসেন।’

পুজো উপলক্ষ্যে মণ্ডপ তৈরি চলছে তাদের। তাঁর আশা এবারও ভালোভাবেই তাঁদের দিনগুলি কাটবে। নাচে, গানে, খাওয়াদাওয়ায় তাঁরা পুজোটাকে উপভোগ করেন। সবার সহযোগিতা পান বলে জানান।

### আলাদা উদ্যোগ

রাজতৃপ্তি আবাসনের পুজোয় মহিলারাই চালিকাশক্তি, এবার তাঁরা আলপনা দেবেন

কাঞ্চনজঙ্ঘা আবাসনে পুজোর কয়েকদিন পরিবারগুলোতে জ্বলে না উনুন

দুটি পুজো উদ্যোক্তারাই বস্ত্রবিতরণ ও পুজোর কয়েকদিন দরিদ্রনারায়ণ ভোগের ব্যবস্থা করেন



*শহরের এক ক্লাবে পুজো নিয়ে বৈঠক চলছে। রবিবার।*

## চাঁদা তোলা, প্যান্ডেল তদারকির ব্যস্ততা

**ভাস্কর শর্মা**

**আলিপুরদুয়ার, ৭ সেপ্টেম্বর :** প্যান্ডেল না লাইট, প্রতিমা না ঢাক, কোন দিকে পুজো কমিটিগুলো কাকে টেক্কা দেবে তা নিয়ে বেশ কয়েকদিন ধরেই আলোচনা চলছে। স্থানীয় বাসিন্দাদের মধ্যে চর্চার শেষ নেই। আর পুজো উদ্যোক্তারা তো পুজোর ২০ দিন আগে রীতিমতো নাওয়াখাওয়া ভুলেছেন। রবিবার আলিপুরদুয়ার ও ফালাকাটা শহর ঘুরেই তাঁদের ব্যস্ততা চোখে পড়ে। এদিন দুই শহরের পুজোর উদ্যোক্তাদের দেখা গেল কেউ প্যান্ডেল তদারকি করছেন তো কেউ বাড়ি বাড়ি গিয়ে চাঁদার রসিদ কাটছেন। রবিবার বলে ব্যস্ততাটা আরও বেশি। কারণ, কেউ চাকরি করেন। কেউ ব্যবসার কাজে যুক্ত। স্বাভাবিকভাবেই গোটা সপ্তাহ পুজো নিয়ে খোঁজখবর নিলেও সেভাবে কাজ করা হয় না। তাই ছুটির এই একটা দিন কাজে কোনও খামতি রাখতে চাইছেন না উদ্যোক্তারা।



বিগ বাজেটের পুজো কমিটিগুলিতে প্রায় ২ মাস আগে থেকেই শুরু হয়ে গিয়েছে প্যান্ডেল, প্রতিমা, মূর্তি তৈরির কাজ। কর্মকর্তারাও তার তদারকি করছেন। মিলন সংঘের সম্পাদক মৃণাল ঘোষের কথায়, ‘আমাদের এলাকার কেউ চাকরি করেন, কেউ ব্যবসা। সপ্তাহের রবিবার ছাড়া সবাই একসঙ্গে হতে পারি না। তাই এদিন রবিবার থাকায় সবাই বসে পুজোর আয়োজনের পরিকল্পনা করেছি। এমনকি কার কী দায়িত্ব থাকবে তা এদিন সদস্যদের মধ্যে ভাগ করে দেওয়া হয়।’

> পুজোর কাজ শেষ করতে আর মাত্র ২টি রবিবার হাতে পাব। সময় কম থাকায় এদিন সদস্যদের মধ্যে দায়িত্ব ভাগ করে দেওয়া হয়।
>
> **অরিন্দম সরকার**
> **কমিটির সদস্য**

জেলার মধ্যে নাম করা আলিপুরদুয়ার ও ফালাকাটার দুর্গাপুজো। দুই শহরেই সবচেয়ে বেশি বিগ বাজেটের পুজো হয়। এমনকি বিশ্ব বাংলা শারদ সম্মান থেকে বিভিন্ন সংস্থার দেওয়া পুরস্কারেও এগিয়ে থাকে দুই শহরের পুজোগুলি। এবারও যে তার ব্যতিক্রম হবে না তা পুজো কমিটিগুলির সঙ্গে কথা বলেই বোঝা গিয়েছে। আলিপুরদুয়ারের মিলন সংঘ, হোয়াইট হাউস, স্বামী বিবেকানন্দ ক্লাব, লোহারপুল ইউনিট, ফালাকাটার মশল্লাপট্টি সর্বজনীন, মুক্তিপাড়া, কলেজপাড়া, মাদারি রোড, দেশবন্ধুপাড়ার পুজোর উদ্যোক্তাদের রবিবার নাওয়াখাওয়া ভুলে প্যান্ডেলে পড়ে থেকে পরিকল্পনা করতে দেখা গিয়েছে।

আলিপুরদুয়ার লোহারপুল সর্বজনীন দুর্গোৎসব কমিটির সহ সম্পাদক প্রশান্ত ঘোষ বলেন, ‘এবার আমাদের পুজোর ৭৪ বছর। গোটা উত্তরবঙ্গের মধ্যে সেরা আয়োজন এবার আমরা করছি। মোবাইলে বন্দি জীবন থিমকে সামনে রেখে আমাদের প্যান্ডেল তৈরি হচ্ছে। এদিন আমরা প্যান্ডেলের সামনে বসেই সবাই মিলে বাকি কাজ নিয়ে পরিকল্পনা করি।’ আলিপুরদুয়ার ও ফালাকাটার ছোট ছোট সর্বজনীন পুজো কমিটিগুলিও জোরকদমে প্রস্তুতি চালাচ্ছে। কেউ এখনও ঢাক বায়না করছেন। বেশিরভাগ পুজো কমিটির প্রতিমা বায়না হয়ে গিয়েছে বলেই পুজোর উদ্যোক্তারা জানিয়েছেন। বিগ বাজেটের পুজোর উদ্যোক্তারা এখন সময়মতো প্যান্ডেল তৈরি হবে কি না তা নিয়ে বারবার হিসেবনিকেশ করতেই ব্যস্ত।



*বেঞ্চে রোল নম্বর বসানো চলছে। উচ্চমাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি ম্যাক উইলিয়ামে। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী।*

## শিশুকে দুধ খাওয়ালেন পুলিশকর্মী

### কোলের সন্তান নিয়ে এসএসসি পরীক্ষায় মায়েরা

**ভাস্কর শর্মা ও প্রণব সূত্রধর**

**ফালাকাটা ও আলিপুরদুয়ার, ৭ সেপ্টেম্বর :** তখন পরীক্ষার ঘণ্টা পড়ে গিয়েছে। রুমে ঢুকতে হবে। এদিকে কোলের বাচ্চা কেঁদেই চলছে। অগত্যা বাধ্য হয়েই স্বামীর কাছে বাচ্চাকে রেখে যাওয়া। শেষে বাচ্চার কান্না থামাতে এগিয়ে এলেন পুলিশের এক লেডি কনস্টেবল। তিনি ওই ব্যক্তির থেকে দুধের বোতল নিয়ে বাচ্চাটিকে কোলে নিয়ে দুধ খাওয়ালেন। তার পরেই শান্ত হয় বাচ্চাটি। রবিবার ছিল এসএসসি পরীক্ষা। ফালাকাটায় পরীক্ষাকেন্দ্রের সামনে এমনই মাতৃস্নেহের সাক্ষী থাকল সকলে।

এদিন এসএসসি পরীক্ষায় ফালাকাটা হাইস্কুলে সিট পড়েছিল শালিনি নার্জিনারির। কোলের বাচ্চা ও স্বামীকে সঙ্গে নিয়ে তিনি পরীক্ষা দিতে এসেছিলেন। ঘড়ির কাঁটায় যখন ১০টা বাজে তখন তিনি পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করেন। এদিকে, বাচ্চা কান্না শুরু করে দেয়। কী করবেন তা ভেবে পাচ্ছিলেন না বাবা। তখনই সেখানে কর্তব্যরত অবস্থায় থাকা পুলিশের লেডি কনস্টেবল সরস্বতী বর্মন এগিয়ে এসে বাচ্চাটিকে কোলে নেন। পরে বাচ্চার বাবার কাছে জানতে চান তার খাওয়ার জন্য কিছু এনেছেন কি না। বাচ্চাটির বাবা একটি দুধের বোতল বের করে দিলে তিনি বাচ্চাটিকে খাওয়ান। কিছুক্ষণের মধ্যেই বাচ্চার কান্নাও থেমে যায়। এদিন সেখানে উপস্থিত সকলে ওই লেডি কনস্টেবলের প্রশংসা করেন।

সরস্বতীর কথায়, ‘হাজার হলেও আমি একজন মা। একটি বাচ্চা কাঁদছে তা দেখে আমি নিজেকে আটকে রাখতে পারিনি। তাই শেষে বাচ্চার বাবার থেকে দুধের বোতল নিয়ে বাচ্চাটিকে খাইয়েছি।’



*শিশুকে বোতল দিয়ে দুধ খাওয়াচ্ছেন লেডি কনস্টেবল। ফালাকাটায়।*

দীর্ঘ নয় বছর পর এসএসসি পরীক্ষা। কেউ এক মাসের বাচ্চা, আবার কেউ নয় মাসের বাচ্চাকে নিয়েই পরীক্ষাকেন্দ্রে পৌঁছালেন। এরপর আত্মীয়ের কাছে সন্তানকে রেখে পরীক্ষা দিলেন অনেকে।

আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা ছিল কুমারগ্রামের বীণা বর্মনের। তার এক মাসের কোলের সন্তানকে শাশুড়ির কাছে রেখে যান। শাশুড়ি বীণা রায় বলেন, ‘এক মাসের সন্তানকে নিয়ে বৌমা পরীক্ষার প্রস্তুতি নিয়েছে। যতটা পারছি নাতিকে সামলে রাখি।’

ঝুমা দেবনাথ নামে আরেক পরীক্ষার্থীর আবার নয় মাসের শিশু। ঝুমা পরীক্ষার সময় শিশুকে নিজের মায়ের কাছে রেখে গিয়েছিলেন।

সলসলাবাড়ির বাসিন্দা সুস্মিতা দাসের সন্তানের বয়স এক মাস দশ দিন। শিশুকে তাঁর বৌদি আর স্বামী সামলাচ্ছিলেন। সুস্মিতার স্বামী অশোক রায় বলেন, ‘কোলের শিশুর দেখভাল করতে হয়। তাই বেশি পড়াশোনা করতে পারেনি। তবু এতদিন পরে পরীক্ষা তাই পরীক্ষা দেওয়া।’

## কবি স্মরণ

**কামাখ্যাগুড়ি, ৭ সেপ্টেম্বর :** কবি সুকান্ত ভট্টাচার্যের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কুমারগ্রাম গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘের তরফে রবিবার এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ওই অনুষ্ঠানে প্রতিযোগিতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ছিল বসে আঁকো প্রতিযোগিতা, আবৃত্তি, সংগীত, প্রবন্ধ রচনা ইত্যাদি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ জয়লাল দাস, কামাখ্যাগুড়ি হাইস্কুলের শিক্ষক ডঃ সঞ্জিত সরকার, কবি দেবাশিস ভট্টাচার্য প্রমুখ।

এদিন সুকান্ত ভট্টাচার্যকে কেন্দ্র করে আলোচনা হয়েছে। দেবাশিসের কথায়, ‘বর্তমান প্রজন্মের সুকান্ত ভট্টাচার্যের ভাবাবেগকে কেন্দ্র করে এগিয়ে যাওয়া উচিত।’ তিনি যুবসমাজকে মোবাইল আসক্তি থেকে বেরিয়ে সাংস্কৃতিক কার্যাবলিতে এগিয়ে আসার জন্য আহ্বান জানিয়েছেন।

এদিন অনুষ্ঠান শেষে পুরস্কার তুলে দেওয়া হয়।

কুমারগ্রাম জোন লেখক শিল্পী সংঘের সম্পাদক দীপক ভৌমিক বলেন, ‘কবি সুকান্ত ভট্টাচার্যের মননশীলতা ও চেতনা সাধারণ মানুষের মধ্যে পৌঁছে দেওয়ার লক্ষ্যে এই অনুষ্ঠান সর্বাঙ্গীণ সাফল্যলাভ করেছে। যুবসমাজ যেন সঠিকপথে চালিত হয়, আমরা সেই লক্ষ্যে প্রতিনিয়ত সাংস্কৃতিক কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছি।’

## রক্তদান শিবির

**ফালাকাটা, ৭ সেপ্টেম্বর :** চুয়াখোলা বেলতলা ব্যবসায়ী সমিতির উদ্যোগে রক্তদান শিবির করা হয়। রবিবার এসপি প্রাইমারি স্কুলে শিবিরে ব্লাড শিবির মোট ৩০ ইউনিট রক্ত সংগ্রহ হয়েছে।

## কনভেনশন

**কামাখ্যাগুড়ি, ৭ সেপ্টেম্বর :** রবিবার কামাখ্যাগুড়ি অবকাশ লজে ওয়েস্ট বেঙ্গল ভলান্টারি ব্লাড ডোনার্স সংগঠন একটি কনভেনশন করে। উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সম্পাদক কবি ঘোষ, ডেপুটি সিএমওএইচ নীলাঞ্জন মণ্ডল প্রমুখ। আলিপুরদুয়ার জেলার প্রতিটি ব্লক থেকেই এদিনের এই কনভেনশনে সংগঠনের প্রতিনিধিরা যোগ দিয়েছিলেন। সংগঠনের আহ্বায়ক রাজা দত্ত জানান, আগামীদিনে প্রতিটি ব্লকে প্রত্যেক বাড়িতে যেন রক্তদাতা তৈরি হয়, সেবিষয়েই আলোচনা হয়েছে। পাশাপাশি রক্তদান সম্পর্কে সাধারণ মানুষের যে ভীতি রয়েছে, সেই ভীতি কাটানোর জন্য প্রতিনিয়ত এই সংগঠন কাজ করবে। আগামীদিনে জেলার বিভিন্ন প্রান্তে রক্তদান শিবির হবে বলে জানান তিনি।

## দুই মাস আগে টাকা এলেও মাঠের কাজ হয়নি

**আয়ুষ্মান চক্রবর্তী**

**আলিপুরদুয়ার, ৭ সেপ্টেম্বর :** আলিপুরদুয়ারে একটি খেলার মাঠের প্রয়োজন। শহরের খেলোয়ারদের দাবির কথা মাথায় রেখে এই নিয়ে মুখ্যমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছিলেন জেলা পরিষদের মেন্টর মৃদুল গোস্বামী।

গত ২২ জানুয়ারি আলিপুরদুয়ারে প্যারেড গ্রাউন্ডে প্রশাসনিক সভা করার সময় মুখ্যমন্ত্রী প্যারেড গ্রাউন্ডের কুচকাওয়াজের অনুষ্ঠানের জায়গাটিকে খেলার মাঠ করে তুলতে রাজ্যসভার এমপি ল্যাডের থেকে ১০ লক্ষ টাকা দেওয়ার কথা ঘোষণা করেছিলেন। এরপর দুই মাস আগে রাজ্যসভার এমপি সামিরুল ইসলামের সাংসদ তহবিলের ১০ লক্ষ টাকা সিএমও দপ্তরের মাধ্যমে আলিপুরদুয়ার জেলা প্রশাসনের কাছে এসে পৌঁছায়। তারপর সেখান থেকে পিডব্লিউডিকে কাজের দায়িত্ব দেওয়া হয়। তবে অবাক করা বিষয় হল, ফান্ডের টাকা দুই মাস আগে আসা সত্ত্বেও কাজ এতদিনে শুরুই হল না। এই নিয়ে ক্রীড়ামহলে নানা প্রশ্ন ঘুরপাক খাচ্ছে। জেলা শাসক আর বিমলা জানিয়েছেন, কিছু টেকনিকাল ইস্যুর জন্য পিডব্লিউডির কাছ থেকে কাজের দায়িত্ব নিয়ে জেলা পরিষদকে দেওয়া হয়। বর্তমানে টেন্ডার ডাকা হয়েছে। সিলেকশন প্রক্রিয়ার পরে ওয়ার্ক অর্ডারের পর প্যারেড গ্রাউন্ডে জায়গা চিহ্নিত করে কাজ শুরু হবে।

রবিবার আলিপুরদুয়ার জেলা ক্রীড়া সংস্থার কার্যনির্বাহী সভাপতি তথা প্রাক্তন বিধায়ক সৌরভ চক্রবর্তী এই নিয়ে একটি সাংবাদিক বৈঠক করেন। তারপরই কাজের গতি নিয়ে প্রশ্ন উঠছে। শহরের খেলোয়াড় ঝিলিক বর্মনের কথায়, ‘আমাদের সত্যি একটা উপযুক্ত খেলার মাঠ প্রয়োজন। এই নিয়ে বহুদিন ধরেই অনেক কিছু শুনছি। কিন্তু কোনও মাঠ পেলাম না। মাঠ পেলে অনুশীলনের ক্ষেত্রে সুবিধা হবে। আমাদের রাস্তায় অনুশীলন করতে হয় এটা সত্যি দুর্ভাগ্যের।’ একই কথা বলেন আরেক খেলোয়াড় অরিৎ রায়।



*প্যারেড গ্রাউন্ডের এই অংশ খেলার মাঠ হিসেবে গড়ে তোলার কথা।*

আলিপুরদুয়ার শহর ও জংশন মিলিয়ে বেশ অনেক মাঠেই খেলোয়াড়রা শরীরচর্চা সহ খেলাধুলো করে থাকে। তবে উপযুক্ত খেলার মাঠ নেই। প্রত্যেক বছরেই বর্ষাকাল এলেই মাঠ খেলার অনুপযুক্ত হয়ে যায়। ফলে খেলোয়াড়দের অনুশীলনের ক্ষেত্রে সমস্যা হয়।

তাই প্যারেড গ্রাউন্ডে ২৬ জানুয়ারি কুচকাওয়াজের অনুষ্ঠানের জায়গাটিকে খেলার মাঠের উপযুক্ত করার খবরে সকলেই খুশি হয়েছিলেন। তবে কোথায় কী। ফান্ডের টাকা এসে পড়ে থাকলেও এখনও কাজ শুরুই হয়নি। এতে হতাশ খেলোয়াররা।

এদিন সাংবাদিক বৈঠকে সৌরভ বলেন, ‘আলিপুরদুয়ারে সরকারি উদ্যোগে একটা খেলার মাঠের দাবি দীর্ঘদিনের। এই দাবি গত জানুয়ারি মাসে মৃদুল গোস্বামী মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলেন। প্রক্রিয়া চলছে শুনেছি। আশা করছি কিছুদিনের মধ্যেই কাজ শুরু হয়ে যাবে। খেলোয়াড়দের ক্ষেত্রে খুবই ভালো হবে।’

এ ব্যাপারে জেলা ক্রীড়া সংস্থার সচিব সঞ্জয় ঘোষ বলেন, ‘আলিপুরদুয়ারে উপযুক্ত খেলার মাঠ ও স্টেডিয়ামের দাবি দীর্ঘদিনের। মুখ্যমন্ত্রী এসে বলে যাওয়ার পরও সেটা কার্যকর হয়নি। তবে আশা করছি তাড়াতাড়ি সেই কাজ হবে।’

